ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৬৪২
বিলোনীয়া, ৩০ আগস্ট, ২০২৫

## বিলোনীয়ায় রেড রিবন ক্যুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত

বিলোনীয়া শচীন দেববর্মণ অডিটোরিয়ামে গতকাল ত্রিপুরা স্টেট এইডস কন্ট্রোল সোসাইটির উদ্যাগে এবং বিদ্যালয় শিক্ষা দপ্তরের সহযোগিতায় দক্ষিণ ত্রিপুরা জেলাভিত্তিক ‘রেড রিবন ক্যুইজ’ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতায় জেলার বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রী অংশগ্রহণ করে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ত্রিপুরা স্টেট এইডস কন্ট্রোল সোসাইটির প্রোজেক্ট ডিরেক্টর বিনীতা চাকমা, মহকুমা পুলিশ আধিকারিক রিষাভ, ডি আই এসই প্রবীর দেববর্মা, জেলা শিক্ষা আধিকারিক দিলীপ কুমার দেববর্মা, ডি এ সি ও ডা. বিতান সেনগুপ্তা প্রমুখ। অনুষ্ঠানে অতিথিগণ এইচআইভি/এইডস সম্পর্কে সকলের মধ্যে সচেতনতা বৃদ্ধির জন্য আহ্বান জানান। প্রতিযোগিতায় চ্যাম্পিয়ান হয় ব্রজেন্দ্র কিশোর ইনস্টিটিউশনের সৌম্যদীপ চক্রবর্তী ও মেঘা বণিক। প্রথম রানার আপ হয় হলি স্পিরিট স্কুলের অর্পিতা পাল ও বর্ণিতা ভূঁইয়া এবং দ্বিতীয় রানার আপ হয় সানফ্লাওয়ারস ইংলিশ মিডিয়াম একাডেমির আয়ুষ সেন ও কৃষ্ণেন্দু সরকার। অতিথিগণ বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন। এই ক্যুইজ প্রতিযোগিতাকে কেন্দ্র করে ছাত্রছাত্রীদের মধ্যে উৎসাহ ও উদ্দীপনা পরিলক্ষিত হয়।

*****